

AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১১১.০১১.০০.০০.০৫.২০১৫-১৫৭

তারিখ : ০৪ আগস্ট, ২০১৬

বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র স্টাফ নার্স/নার্স এর শূন্য পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ ও মৌখিক পরীক্ষা সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র স্টাফ নার্স/নার্স এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ১০ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন :

রেজিঃ নম্বর : 000057 000083 000088 000092 Total=04 জন।

উল্লেখ্য, প্রকাশিত ফলাফল কোনো কারণে কোনো ধরনের সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২। কোনো ক্ষেত্রে চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীকালে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে লিখিত/মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠিত পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যেকোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩। প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৯ আগস্ট ২০১৬ তারিখ সকাল ১০:৩০ মিনিটে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

৪। লিখিত পরীক্ষার প্রবেশপত্র, মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র এবং আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ (প্রার্থীর অংশ) ব্যতীত কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি এবং প্রার্থী চাকরির হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত (সীল-স্বাক্ষরিত) মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষায় যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ১(এক)সেট কাগজপত্র সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৫। মৌখিক পরীক্ষা অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামে ডাকযোগে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হচ্ছে। যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেলে মৌখিক পরীক্ষার ২/১দিন পূর্বে সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৪ঃ০০ টার মধ্যে এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক ইউনিট-১১ বরাবর আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

৬। এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd- এ পাওয়া যাবে।

** পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রকৃতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (যুগ্ম-সচিব)
(নন-ক্যাডার)

অপর পৃঃ দ্রঃ ২